



অধিনায়ক তামিমের লক্ষ্য  
বড় দলকে হারানো

৮

শেয়ারবাজার : ১১৩৫ কোটি  
টাকার তহবিল ৭ ব্যাংকের

১২

মূল কাগজের সঙ্গে চার পৃষ্ঠার  
ফিচার আয়োজন- সাহস, সমতা  
সমৃদ্ধি ও প্রিয় পদলেখা

## ফ্রি ওয়াইফাই



আলী আমজদের ঐতিহাসিক ঘড়িটি জানান দিচ্ছে সিলেট শহরের পরিচয়

ফাইল ছবি

# দেশের প্রথম ডিজিটাল সিটি সিলেট

■ চয়ন চৌধুরী, সিলেট

দেশের প্রথম পূর্ণাঙ্গ 'ডিজিটাল সিটি' হিসেবে যাত্রা শুরু করেছে পূণ্যভূমি সিলেট। নগরীর নিরাপত্তায় আইটি ক্যামেরা চালুর পর এবার ফ্রি পাবলিক ওয়াইফাই সেবা চালু হয়েছে। গত ১০ মার্চ থেকে নগরীর গুরুত্বপূর্ণ ৬২ এলাকায় এ সেবা পাচ্ছেন নগরবাসী। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সিলেটকে 'ওয়াইফাই সিটি' আখ্যা দিয়ে পাবলিক ওয়াইফাইয়ের ইউজার নাম রেখেছেন 'ডিজিটাল বাংলাদেশ'। আর পাসওয়ার্ড দেওয়া হয়েছে জাতীয় স্লোগান 'জয় বাংলা'। গত বছরের ২৭ জুন আনুষ্ঠানিকভাবে প্রকল্পের উদ্বোধন হলেও পরীক্ষামূলক কার্যক্রম শেষে এখন থেকে নগরবাসী পূর্ণাঙ্গ সেবা পাচ্ছেন। একই প্রকল্পের আওতায় গত ১৫ ফেব্রুয়ারি পর্যটন শহর কক্সবাজারের ৩৫টি পয়েন্টে ফ্রি ওয়াইফাই জোন স্থাপন করা হয়েছে।



আইসিটি বিভাগের তত্ত্বাবধানে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) 'ডিজিটাল সিলেট সিটি প্রজেক্ট' নামে এ প্রকল্প বাস্তবায়ন করেছে। এর আওতায় সিলেট নগরীর ৬২টি এলাকায় ফ্রি ওয়াইফাইয়ের ১২৬টি অ্যাক্সেস পয়েন্ট (এপি) স্থাপন করা হয়েছে। প্রায় ৩০ কোটি টাকা

ব্যয়ে বাস্তবায়িত প্রকল্পের প্রথম পর্যায়ে সিলেট নগরীর নিরাপত্তায় ১১০টি আইটি ক্যামেরা স্থাপন করা হয়েছিল। এগুলোর মধ্যে ১০টি ক্যামেরায় ফেস রিকগনিশন (এফআর) ও ১০টি ক্যামেরায় অটো নাম্বার প্লেট রিকগনিশনের (এএনপিআর) বিশেষ সুবিধা রয়েছে। এফআর ক্যামেরার সাহায্যে ডাটাবেজের যে কোনো অপরাধী এবং এএনপিআর ক্যামেরায় যে কোনো গাড়ি শনাক্ত করা সম্ভব। প্রকল্পের দ্বিতীয় পর্যায়ে পাবলিক ওয়াইফাই জোন স্থাপন

পৃষ্ঠা ১১ : কলাম ৭